ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

শুক্রবার | ২৬ আগস্ট ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৩৪০ সংখ্যা | ১১ ভাদ্র ১৪২৯ সাল | ২৭ মহররম ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা*

### প্রিমিয়ার ভার্সিটিতে ওরিয়েন্টেশনে উপাচার্য

# সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, মেডিকেল সায়েন্স, প্রকৌশল বিদ্যাসহ প্রচুর বিষয়ে শিক্ষার্থীদের অধ্যয়নের ক্ষেত্রে সমাজবিজ্ঞান পাঠ করতে হয়। বস্তুত এটাই সঠিক কথা যে, সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন। গতকাল বৃহস্পতিবার, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৫ম ও ৬ষ্ঠ ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। তিনি বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলো ছিল অন্ধকারে। আজকে এসব গ্রামাঞ্চলেও শহরের মতো বিদ্যুৎ পৌঁছে গেছে; পৌঁছে গেছে মোবাইল ফোন ও ইন্টারনেট। শহরে ও গ্রামে এখন ১৩ কোটি মানুষ ইন্টারনেট ব্যবহার করে। বিদ্যুৎ, মোবাইল ও ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে বিশ্ব আজ তাদের হাতের মুঠোয় এসে গেছে। এসব নবলব্ধ জ্ঞানের মাধ্যমে সমাজের আজ যেসব জীবন-উন্নয়ন বিষয়ক প্রাপ্তি তা টিকিয়ে রাখাই সাসটেইনেবল ডেভেলপমেন্ট।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। বিশেষ অতিথি প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীনদের উদ্দেশ্যে বলেন, তোমরা স্বাধীনভাবে লেখাপড়া করবে। তা করতে গিয়ে এমন কিছু করবে না, যাতে পরবর্তীতে তোমাদের অনুশোচনা করতে হয়। দেশ ও বিশ্বকে এগিয়ে নেওয়ার মানসিকতা নিয়ে তোমরা ভালোভাবে অধ্যয়ন করবে, এমনটাই প্রত্যাশা করি।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, সমাজবিজ্ঞান পুরো সমাজকে বিশ্লেষণ করে। শিক্ষার্থীরা সমাজবিজ্ঞান ভালোভাবে পড়লে তারা অবশ্যই তাদের ভবিষ্যত উজ্জ্বল করার জন্য ভালো সুযোগ পাবে।

রেজিস্ট্রার খুরশিদুর রহমান প্রিমিয়ার ইউনিভার্সিটি ও একাডেমিক বিভাগগুলোর পরিচিতি, শিক্ষার্থীদের করণীয়, কোড অব কন্ডাক্ট, একাডেমিক গাইডলাইন প্রভৃতি তুলে ধরেন। তিনি শিক্ষার্থীদের লাইব্রেরি ওয়ার্ক করার তাগিদ দেন। স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 26 Aug 2022, Page: 3, Col: 6
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-08-26

চট্টগ্রাম শুক্রবার ২৬ আগস্ট ২০২২
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৭তম বর্ষ ১৮৪ তম সংখ্যা।। ১১ ভদ্র ১৪২৯ বঙ্গাব্দ।। ২৭ মহররম ১৪৪৪ হিজরি।। Friday 26 August 2022।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

## প্রিমিয়ার ভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে ড. অনুপম সেন

# সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, মেডিকেল সায়েন্স, প্রকৌশল বিদ্যাসহ প্রচুর বিষয়ে শিক্ষার্থীদের অধ্যয়নের ক্ষেত্রে সমাজবিজ্ঞান পাঠ করতে হয়। বস্তুত এটাই সঠিক কথা যে, সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিও-লজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৫ম ও ৬ষ্ঠ ব্যাচের 'ওরিয়েন্টেশন প্রোগ্রাম ২০২২'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিল্পবিপ্লবের বিবরণ দিয়ে চতুর্থ শিল্পবিপ্লব আসন্ন উল্লেখ করে বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলো ছিল অন্ধকারে। হারিকেন জ্বলতো। সন্ধ্যায় খেয়ে মানুষ ঘুমিয়ে পড়তো। আজকে এসব গ্রামাঞ্চলেও শহরের মতো বিদ্যুৎ পৌঁছে গেছে। পৌঁছে গেছে মোবাইল ফোন ও ইন্টারনেট। শহরে ও গ্রামে এখন ১৩ কোটি মানুষ ইন্টারনেট ব্যবহার করে। বিদ্যুৎ, মোবাইল ও ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে বিশ্ব আজ তাদের হাতের মুঠোয় এসে গেছে। এসব নবলব্ধ জ্ঞানের মাধ্যমে সমাজের আজ যেসব জীবন-উন্নয়ন বিষয়ক প্রাপ্তি তা টিকিয়ে রাখাই সাসটেইনেবল ডেভেলপমেন্ট। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। স্বাগত বক্তব্য রাখেন স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী।-বিজ্ঞপ্তি



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা*

Ref: Daily Purbokone, Date: 26 Aug 2022, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-08-26

শুক্রবার
চট্টগ্রাম
২৬ আগস্ট ২০২২
১১ ভাদ্র ১৪২৯
২৭ মহররম ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-২৪৩

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার: 02-334455071-6, 02-334451901-6
মোবাইল নাম্বার: 01976-022111, 01976-022333
info@phlctg.com | /parkviewhospitalctg | parkview.com.bd



প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা





প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেনসহ সংশ্লিষ্টরা

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওরিয়েন্টেশন

# সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন : ড. অনুপম সেন

একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, মেডিকেল সায়েন্স, প্রকৌশল বিদ্যাসহ প্রচুর বিষয়ে শিক্ষার্থীদের অধ্যয়নের ক্ষেত্রে সমাজবিজ্ঞান পাঠ করতে হয়। বস্তুত এটাই সঠিক কথা যে, সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন। ২৫ আগস্ট সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৫ম ও ৬ষ্ঠ ব্যাচের 'ওরিয়েন্টেশন প্রোগ্রাম ২০২২'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিল্পবিপ্লবের বিবরণ দিয়ে চতুর্থ শিল্পবিপ্লব আসন্ন উল্লেখ করে বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলো ছিল অন্ধকারে। হারিকেন জ্বলতো। সন্ধ্যায় খেয়ে-দেয়ে মানুষ ঘুমিয়ে পড়তো। আজকে এসব গ্রামাঞ্চলেও শহরের মতো বিদ্যুৎ পৌঁছে গেছে; পৌঁছে গেছে মোবাইল ফোন ও ইন্টারনেট। শহরে ও গ্রামে এখন ১৩ কোটি মানুষ ইন্টারনেট ব্যবহার করে। বিদ্যুৎ, মোবাইল ও ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে বিশ্ব আজ তাদের হাতের মুঠোয় এসে গেছে। এসব নবলব্ধ জ্ঞানের মাধ্যমে সমাজের আজ যেসব জীবন-উন্নয়ন বিষয়ক প্রাপ্তি তা টিকিয়ে রাখাই সাসটেইনেবল ডেভেলপমেন্ট।

ড. সেন পৃথিবীর প্রথম সভ্যতা, বর্তমান সভ্যতা, রোমান সাম্রাজ্য, চেঙ্গিস খানের রাজত্ব, পুঁজিবাদী প্রথা, দাসপ্রথা, ও সমাজতন্ত্র সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে বলেন, সমাজের অর্ধেক হলো নারী। একটা সমাজে অর্ধেক লোককে বসিয়ে রাখা হলে সেই সমাজ এগুতে পারে না। সেজন্য নারীদের কর্মক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। এটাও সাসটেইনেবল ডেভেলপমেন্টের উদাহরণ।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীনদের উদ্দেশ্যে বলেন, তোমরা স্বাধীনভাবে লেখাপড়া করবে। তা করতে গিয়ে এমন কিছু করবে না, যাতে পরবর্তীতে তোমাদের অনুশোচনা করতে হয়। দেশ ও বিশ্বকে এগিয়ে নেওয়ার মানসিকতা নিয়ে তোমরা ভালোভাবে অধ্যয়ন করবে, এমনটাই প্রত্যাশা করি।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, সমাজবিজ্ঞান পুরো সমাজকে বিশ্লেষণ করে। শিক্ষার্থীরা সমাজবিজ্ঞান ভালোভাবে পড়লে তারা অবশ্যই তাদের ভবিষ্যত উজ্জ্বল করার জন্য ভালো সুযোগ পাবে।

রেজিস্ট্রার খুরশিদুর রহমান নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও একাডেমিক বিভাগগুলোর পরিচিতি, শিক্ষার্থীদের করণীয়, কোড অব কন্ডাক্ট, একাডেমিক গাইডলাইন প্রভৃতি তুলে ধরেন। তিনি শিক্ষার্থীদের লাইব্রেরি ওয়ার্ক করার তাগিদ দেন এবং জানান, প্রিমিয়ার ইউনিভার্সিটির লাইব্রেরি খুবই সমৃদ্ধ।

স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানুষকে মানুষের মর্যাদা দেওয়ার জন্য তাকে মানুষ হিসেবে মূল্যায়ন করতে হবে। তার অর্থনৈতিক প্রতিবিধান করতে হবে। তার প্রতিকূল অবস্থার উন্নয়ন ঘটাতে হবে। স্বাগত বক্তব্য দেন স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 26 Aug 2022, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?date=26-08-2022&page=2

চট্টগ্রাম • শুক্রবার • ২৬ আগস্ট ২০২২ • ১১ ভাদ্র ১৪২৯ • ২৭ মহরম ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ১০

রূপান্তর নবযাত্রা ১৯

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ বিপ্লবী কবি সুকান্ত ভট্টাচার্য

৫ সড়ক পথ ও নদী-খাল দিয়ে কাঠপাচার চলছে রাউজানে

৬ শীর্ষে ব্রাজিলই, বাংলাদেশ ১৯২তম



'আমরা কী তাহলে চলচ্চিত্র নির্মাণ করব না?'

যে 'হাওয়া' দর্শকের হৃদয় জয় করে ছড়িয়ে পড়েছে গোটা দেশে, সেটাকে রুখে দিতে চাইছে কিছু মানুষ।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন ও অন্যরা

# সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা প্রাচীন

'মেডিক্যাল সায়েন্স, প্রকৌশল বিদ্যাসহ প্রচুর বিষয়ে শিক্ষার্থীদের অধ্যয়নের ক্ষেত্রে সমাজবিজ্ঞান পাঠ করতে হয়। বস্তুত এটাই সঠিক কথা যে, সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন।'

বৃহস্পতিবার সকাল ১১টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিওলজি অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৫ম ও ৬ষ্ঠ ব্যাচের 'ওরিয়েন্টেশন প্রোগ্রাম ২০২২' এ প্রধান অতিথির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন এসব কথা বলেন।

**প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য**

তিনি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিল্পবিপ্লবের বিবরণ দিয়ে চতুর্থ শিল্পবিপ্লব আসন্ন উল্লেখ করে বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলো ছিল অন্ধকারে। হারিকেন জ্বলতো। সন্ধ্যায় খেয়ে-দেয়ে মানুষ ঘুমিয়ে পড়তো। আজকে এসব গ্রামাঞ্চলেও শহরের মতো বিদ্যুৎ পৌঁছে গেছে; পৌঁছে গেছে মোবাইল ফোন ও ইন্টারনেট। শহরে ও গ্রামে এখন ১৩ কোটি মানুষ ইন্টারনেট ব্যবহার করে। বিদ্যুৎ, মোবাইল ও ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে বিশ্ব আজ তাদের হাতের মুঠোয় এসে গেছে। এসব নবলব্ধ জ্ঞানের মাধ্যমে সমাজের আজ যেসব জীবন-উন্নয়ন বিষয়ক প্রাপ্তি তা টিকিয়ে রাখাই সাসটেইনেবল ডেভেলপমেন্ট।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীনদের উদ্দেশ্যে বলেন, দেশ ও বিশ্বকে এগিয়ে নেওয়ার মানসিকতা নিয়ে ভালোভাবে অধ্যয়ন করবে, এমনটাই প্রত্যাশা করি।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, সমাজবিজ্ঞান পুরো সমাজকে বিশ্লেষণ করে। শিক্ষার্থীরা সমাজবিজ্ঞান ভালোভাবে পড়লে তারা অবশ্যই তাদের ভবিষ্যত উজ্জ্বল করার জন্য ভালো সুযোগ পাবে। রেজিস্ট্রার খুরশিদুর রহমান শিক্ষার্থীদের লাইব্রেরি ওয়ার্ক করার তাগিদ দেন এবং জানান, প্রিমিয়ার ইউনিভার্সিটির লাইব্রেরি খুবই সমৃদ্ধ।

স্যোসিওলজি অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানুষকে মানুষের মর্যাদা দেওয়ার জন্য তাকে মানুষ হিসেবে মূল্যায়ন করতে হবে। তার অর্থনৈতিক প্রতিবিধান করতে হবে। তার প্রতিকূল অবস্থার উন্নয়ন ঘটাতে হবে। স্বাগত বক্তব্য রাখেন স্যোসিওলজি অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 26 Aug 2022, Page: 4, Col: 2

https://esuprobhat.com/index.php?page=1&date=2022-08-26